কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ

# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



ডাউনলোড "এই যুগ অ্যাপ"



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 28 JUNE 2026 ,SUNDAY | ২৮ জুন ২০২৬ ,রবিবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-206


## দেশবিরোধী কার্যকলাপের সাথে যুক্ত ব্যক্তিদের বিরুদ্ধে দেশদ্রোহিতার মামলার হুঁশিয়ারি মন্ত্রী অগ্নিমিত্রা পালের



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,পশ্চিম বর্ধমান ,২৭ জুন :** শনিবার আসানসোলে এক অনুষ্ঠানে যোগদান করতে এসে দেশ বিরোধী কার্যকলাপ ও সাম্প্রদায়িক উস্কানি ছাড়ানো ব্যক্তিদের বিরুদ্ধে দেশদ্রোহিতার মামলা করা হোক বলে দাবি করলেন রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল । এছাড়া এদিন মন্ত্রী অগ্নিমিত্রা পাল বলেন ,দেশ সবার আগে , দেশবিরোধী কার্যকলাপ , সাম্প্রদায়িক উস্কানি ও আইনশৃঙ্খলা বিঘ্নিত করার যে কোনও প্রচেষ্টার বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে। এছাড়াও এদিন দেশের সব মানুষের জন্য সমান আইন, সমান বিচার ও সমান অধিকার এর কথা বলেন মন্ত্রী। এদিন রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী রাজ্যের বিভিন্ন জায়গায় ঘটে যাওয়া "লাভ জিহাদ" নিয়ে মন্তব্য করেন। মন্ত্রী অগ্নিমিত্রা পাল বলেন লাভ জিহাদ সমাজের বিরাট বড় ব্যাধি হয়ে দাঁড়িয়েছে। হিন্দু মেয়েদের কে মিথ্যা প্রেমে ফাঁসিয়ে বিয়ে করে তাকে জোর করে ধর্মান্ত করা ,এগুলো কে হতে দেওয়া যায়না।এদিন তৃণমূল নেতাদের গ্রেফতার এর প্রসঙ্গে পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল বলেন ,এখন দুর্নীতি করলে ,মানুষকে অত্যাচার করলে ,মহিলাদের অত্যাচার করলে ,দুর্নীতি করে রাজ প্রাসাদ তৈরি করলে, সে যতো বড় নেতা ,যে ধর্মের মানুষ হোক ,শাস্তি তাকে পেতে হবে । কারণ এখন তৃণমূল সরকার আর নেই , বিজেপি সরকার। আর মুখ্যমন্ত্রীর নাম শুভেন্দু অধিকারী।

## কোচবিহারে তৃণমূল নেতার কোমরে দড়ি বেঁধে বাজারে ঘোরানো হল



**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কোচবিহার ,২৭ জুন :** কোচবিহার শহর সংলগ্ন ঘুঘুমারি তে তৃণমূল আমলের দাপুটে নেতা ফজলু রহমান কে কোমরে দড়ি বেঁধে ঘুঘুমারি বাজারে ঘোরানো হয় । এর পাশাপাশি তাকে ডিম ছুঁড়ে ভৎসর্ণা করা হয়।ফজলুর বিরুদ্ধে কোচবিহার দক্ষিণ কেন্দ্রের বিজেপি প্রার্থী এবং বিধানসভার বর্তমান স্পিকার রথীন্দ্র বোসের গাড়িতে বারংবার হামলা করা ছাড়াও বিভিন্ন সময়ে তোলাবাজির অভিযোগ ও ছিল।

## শিলিগুড়ির কাঞ্চনজঙ্ঘা স্টেডিয়াম পরিদর্শনে রাজ্যের ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রী ডাঃ ইন্দ্রনীল খাঁ



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,২৭ জুন :** শনিবার শিলিগুড়ির কাঞ্চনজঙ্ঘা স্টেডিয়াম পরিদর্শন করলেন রাজ্যের ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রী ডাঃ ইন্দ্রনীল খাঁ । এদিন শিলিগুড়ির কাঞ্চনজঙ্ঘা স্টেডিয়াম পরিদর্শন করে স্টেডিয়াম এর পরিকাঠামো উন্নতির জন্য আলোচনা করেন। সূত্রের খবর, এদিন ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রী নিজে গোটা কাঞ্চনজঙ্ঘা স্টেডিয়াম ঘুরে ঘুরে দেখেন, যাতে এই স্টেডিয়াম কে সুন্দর ভাবে সাজিয়ে,খেলার উপযোগী করে তোলা যায়। ১৫ বছর ধরে বিগত তৃণমূল সরকার কাঞ্চনজঙ্ঘা স্টেডিয়াম এর উন্নয়নের বিষয়ে নজর দেয়নি। অবহেলায় পরে ছিল উত্তর বঙ্গের গুরুত্বপূর্ণ এই স্টেডিয়াম ।বিজেপি সরকার এসেই কাঞ্চনজঙ্ঘা স্টেডিয়াম এর উন্নয়ন জন্যে ক্রীড়া মন্ত্রীর স্টেডিয়াম পরিদর্শন বলে মনে করছে উত্তর বঙ্গের ক্রীড়াপ্রেমীরা ।

## ডিম থেরাপির ভয়ে তৃণমূলের নেতারা গা ঢাকা দিয়েছে




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৭ জুন :** মে মাসের ৪ তারিখ ভোট গণনার পরদিন থেকেই আলিপুরদুয়ার জেলার তৃণমূলের অনেক হেভি ওয়েট নেতা গা ঢাকা দিয়েছেন আলিপুরদুয়ার জেলা থেকে। ইতিমধ্যেই অনেক তৃণমূল নেতা বিজেপিতে যোগদান করার জন্য পা বাড়িয়ে রেখেছেন। অনেকেই বিজেপিতে যোগদান করার জন্য নানারকম প্রলোভন দেখাচ্ছেন বিজেপি নেতাদের। আলিপুরদুয়ার জেলার তৃণমূলের জেলা সভাপতি প্রকাশ চিক বড়াইক রাজ্যসভার সাংসদ থেকে ইস্তফা দিয়েছেন। অন্যদিকে গঙ্গা প্রসাদ শর্মা তার পদ থেকে ইস্তফা দিয়েছেন। আলিপুরদুয়ার পৌরসভার চেয়ারম্যান এবং চেয়ারপার্সন তাদের পদ থেকে ইস্তফা দিয়েছেন। নিখোঁজ রয়েছেন আলিপুরদুয়ার জেলা শহর বাদ দিয়েও বিভিন্ন ব্লকের অনেক তৃণমূল নেতা। পশ্চিমবঙ্গের সরকার পরিবর্তন হওয়ার পরেই তৃণমূলের নেতারা গা ঢাকা দিয়েছেন। আর এক সময় এই নেতাদের দাপটেই প্রশাসনিক কর্তা থেকে শুরু করে বিজেপির কর্মকর্তারা নাজেহাল হয়ে গিয়েছিলেন। কতদিন পলাতক অবস্থায় থাকবেন তৃণমূলের নেতৃত্বরা সেটাই এখন বড় প্রশ্ন হয়ে দাঁড়িয়েছে আলিপুরদুয়ার জেলা শহরে।

# অবৈধ নদী খননের জের মৃত্যু ১৩ বছরের নাবালকের



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৭ জুন :** অবৈধ নদী খননের ফলে ১৩ বছরের এক নাবালকের মৃত্যু হয়েছে দক্ষিণ নারারথলী তেতুলতলা সংলগ্ন মরা রায় ডাক নদীতে স্নান করতে গিয়ে। ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। মৃত নাবালকের নাম শুভ দাস। তার বাড়ি উত্তর পারোকাটা এলাকায়। এদিন দুপুরে নদীতে স্নান করতে নেমে তলিয়ে যায় নাবালক । এরপর সিভিল ডিফেন্সের কর্মীরা এসে কয়েক ঘন্টা তল্লাশি করে নাবালককে উদ্ধার করে কামাখ্যাগুড়ি হাসপাতালে নিয়ে আসার পর চিকিৎসক তাকে মৃত বলে ঘোষণা করে। এলাকার বাসিন্দাদের অভিযোগ অবৈধভাবে মরা রায়ডাক নদীতে মাটি খনন করার দরুন এই মৃত্যুর ঘটনা ঘটেছে। পুলিশ মৃতদেহ তাদের হেফাজতে নিয়েছে।

# রায়ডাক-২ নম্বর নদী থেকে মহিলার মৃতদেহ উদ্ধার




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৭ জুন :** শনিবার কুমারগ্রাম ব্লকের বারবিশার পূর্ব চকচকা এলাকায় রায়ডাক-২ নম্বর নদী থেকে এক মহিলার মৃতদেহ উদ্ধার হল। ঘটনার জেরে এলাকায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, মৃতার নাম জয়া দে, বয়স ৫৬। তিনি বারবিশার নিউটাউন এলাকার বাসিন্দা। এদিন সকালে পূর্ব চকচকা এলাকায় রায়ডাক-২ নম্বর নদীতে তাঁর দেহ ভাসতে দেখেন স্থানীয়রা। খবর পেয়ে ঘটনাস্থলে আসে বারবিশা ফাঁড়ির পুলিশ। মৃতদেহ উদ্ধার করে কামাখ্যাগুড়ি গ্রামীণ হাসপাতালে পাঠানো হয়। চিকিৎসক জয়া দে'কে মৃত ঘোষণা করেন। এদিন আলিপুরদুয়ার জেলা হাসপাতালে মৃতদেহের ময়নাতদন্ত হয়েছে। স্থানীয়দের অনুমান, পারিবারিক অশান্তির কারণে ওই মহিলা নদীতে ঝাঁপ দিয়েছেন। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।


# আলিপুরদুয়ার শহরের বলাই মোড়ে রাস্তার মাঝে বড় গর্ত





**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৭ জুন :** আলিপুরদুয়ার শহরের অতি ব্যস্ততম জায়গা বলাই মোড়। পৌরসভার ৬ নং ওয়ার্ড এবং ২ নং ওয়ার্ডের মধ্যবর্তী এই রাস্তা। প্রত্যেকদিন বহু মানুষের আনাগোনা শহরের এই রাস্তা ধরে। এমনকি স্কুল-কলেজের ছাত্রছাত্রীরা ও এই রাস্তা দিয়েই যাতায়াত করে। তাই স্থানীয়রা চিন্তিত। এদিন হঠাৎ স্থানীয়রা দেখতে পান আচমকাই রাস্তার মধ্যবর্তী জায়গায় বড়োসড় ফাটল। মুহূর্তের মধ্যেই সেই ফাটল বড় গর্তের আকার নেয়। রাস্তার একাংশ ধ্বসে পড়ে রীতিমতো ৪/৫ ফুট গর্তের সৃষ্টি হয়। এমনকি স্রোতের বেগে রাস্তার নীচ দিয়ে বয়ে যাচ্ছে জল। নিম্নমানের রাস্তা তৈরীর অভিযোগ এনে গর্জে উঠল সেখানকার স্থানীয়রা। তারাই কোনক্রমে ব্যারিকেড দিয়ে জায়গাটিকে আটকে রাখে যেন কোন প্রকার দুর্ঘটনা না ঘটে। কিন্তু গর্তের আকার বেড়েই চলেছে। অতি দ্রুত রাস্তা সংস্কারের দাবি জানাচ্ছে স্থানীয়রা। শনিবার রাস্তা সারাইয়ের কাজে হাত দিয়েছে।

# জঙ্গল সংলগ্ন এলাকার বাসিন্দারা ক্ষুব্ধ বনদপ্তরের কর্মকর্তাদের প্রতি



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৭ জুন :** প্রতিনিয়ত হাতির হানা হচ্ছে বক্সা ব্যাঘ্র প্রকল্পের জঙ্গল লাগোয়া গ্রামগুলিতে। হাতির পাল বের হয়ে লোকালয়ে ঢুকে যাচ্ছে। নষ্ট করছে রবি শস্য থেকে শুরু করে অন্যান্য ফসল। ভাঙছে বাড়িঘর। হাতি তাড়াবার মত কোন পরিস্থিতি নেই বন কর্মীদের। দীর্ঘদিন যাবত বনদপ্তরের পক্ষ থেকে কোনরকম পটকা দেওয়া হয় না গ্রামবাসীদের হাতি তাড়ানোর জন্য। গ্রামবাসীরা মাঝেমধ্যেই বাজার থেকে চোরাই ভাবে চকলেট বোম কিনে নিয়ে যাচ্ছে অতিরিক্ত দাম দিয়ে। বনদপ্তরের কোন অর্থ বরাদ্দ নেই ফলে বনদপ্তরের কর্মকর্তারাও পটকা সরবরাহ করতে পারছেন না গ্রামবাসীদের। রীতিমতো বন কর্মীদের মাঝেমধ্যেই হুমকি দিচ্ছেন গ্রামবাসীরা পটকা নিয়ে। এছাড়াও বন সুরক্ষা কমিটির পক্ষ থেকে অনেককেই টর্চ লাইট বিতরণ করা হয় না। ফলে তারা আরো ক্ষুব্ধ হয়ে গেছেন বন দপ্তরের কর্মকর্তাদের ভূমিকা নিয়ে। যদিও বনদপ্তরের কর্মকর্তারা বলছেন অর্থ বরাদ্দ না থাকায় বাজার থেকে পটকা কিনে গ্রামবাসীদের হাতে দিতে পারছেন না তারা। তবে হাতি হাতি কে জঙ্গল মুখো করার জন্য বনকর্মীরা রাতভর বিভিন্ন জায়গায় ডিউটি করেন।



EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |